দৈনিক বাংলা

তারিখ 04 JUN 1995
পৃষ্ঠা ৭ কলাম ৬

১৬

# লালমনিরহাট ২৫ আগস্ট নিরক্ষরতা মুক্ত হবে ঃ প্রধানমন্ত্রী

লালমনিরহাট, ৩ জুন (বাসস)।– প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, আগামী ২৫ আগস্ট নাগাদ লালমনিরহাট নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত হবে। বেগম জিয়া শনিবার রাতে লালমনিরহাট

(৮–এর পৃঃ ৪–এর কঃ দ্রঃ)

## লালমনিরহাট

(প্রথম পৃষ্ঠার পর)

সফরে যান। তিনি জেলার বয়স্ক সাক্ষরতা কর্মসূচীর অগ্রগতি প্রত্যক্ষ করেন। চলতি বছরের আগস্ট নাগাদ জেলার ২ লাখ ৬৮ হাজার নিরক্ষরকে সাক্ষর করতে এই কর্মসূচী বাস্তবায়ন করা হচ্ছে। এইসব নিরক্ষর লোকের বয়স ১১ থেকে ৪৫ বছরের মত। প্রধানমন্ত্রী এই সকল কর্মসূচীর প্রশংসা করেন। লালমনিরহাট গণসাক্ষরতা সমিতি গত বছর জেলা জুড়ে এই কর্মসূচী হাতে নেয়। সরকারের প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এই কর্মসূচী বাস্তবায়নে আর্থিক সহায়তা দিচ্ছে।

এই কর্মসূচীর অধীনে ইতিমধ্যেই ২৯ হাজার লোক নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত হয়েছে। এই কর্মসূচীর অধীনে আগামী তিন মাসের মধ্যে বাকি নিরক্ষর লোকদের সাক্ষর করা হবে।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া জেলার বিভিন্ন স্কুল পরিদর্শন করেন। কর্মসূচীর সাফল্য প্রত্যক্ষ করে তিনি সন্তোষ প্রকাশ করেন। বেগম খালেদা জিয়া বিভিন্ন বয়স্ক শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করেন এবং বয়স্ক শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেন। প্রধানমন্ত্রী তাদের বলেন, অধিক বয়সে শিক্ষা শুরু করা কোন লজ্জার বিষয় নয়। শিক্ষার ক্ষেত্রে বয়স কোন বাধা নয় বলে তিনি উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী তাদের আরো বলেন, যদি আপনারা শিক্ষিত হয়ে ওঠেন তা হলে কেউ আপনাদের ধোঁকা দিতে পারবে না। তিনি তাদের ছেলেমেয়েদের স্কুলে পাঠাতে বলেন। জেলায় প্রায় ৭ হাজার এ রকম শিক্ষাকেন্দ্র রয়েছে। মহিলাদের জন্য বিকালে এবং পুরুষ শিক্ষার্থীদের রাতে ক্লাস নেয়া হয়। জেলায় এই শিক্ষা কর্মসূচীর জন্য ৪ কোটি টাকা ব্যয়ের পরিকল্পনা নেয়া হয়। জেলায় কর্মসূচী সাফল্যের সঙ্গে সম্পন্ন হলে অন্য সকল জেলা এই কর্মসূচীর অধীনে আনা হবে।

শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকার, শ্রমমন্ত্রী মীর শওকত আলী, কয়েকজন এমপি ও প্রাথমিক শিক্ষা সচিব কাজী রকিবউদ্দিন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।